# ECHO OF HIS CALL

## আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | FEBRUARY 2024 | No. 12


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ১১২:১-১০

১।সদাপ্রভুর প্রশংসা করো।ধন্য সেই ব্যক্তি, যে সদাপ্রভুকে সম্ভ্রম করে, যে তাঁর আজ্ঞা পালনে মহা আনন্দ পায়।

২। তাদের সন্তানসন্ততিরা এ জগতে শক্তিশালী হবে, ন্যায়পরায়ণদের প্রজন্ম ধন্য হবে।

৩। ধনসম্পদ ও ঐশ্বর্য তার গৃহে আছে, এবং তার ধার্মিকতা চিরকাল স্থায়ী হয়।

৪।ন্যায়পরায়ণের জন্য অন্ধকারের মাঝে আলোর উদয় হয়, সে কৃপাময়, স্নেহশীল ও ধার্মিক।

৫। যে উদার ও মুক্তহস্তে দান করে, তার মঙ্গল হবে, সে নিজের বিষয় সকল ন্যায়ের সঙ্গে নিষ্পত্তি করে।

৬। নিশ্চয় ধার্মিক কখনও বিচলিত হবে না;কিন্তু তাদের চিরকাল মনে রাখা হবে।

৭। অশুভ সংবাদে সে ভয় করবে না;তার হৃদয় অবিচল, সদাপ্রভুতে আস্থা রাখে।

৮। তার হৃদয় সুস্থির, তার কোনো ভয় থাকবে না; অবশেষে সে বিজয়ীর মতো তার শত্রুদের দিকে তাকাবে।

৯। সে অবাধে দরিদ্রদের মাঝে দান বিতরণ করেছে, তার ধার্মিকতা চিরস্থায়ী;তার শিং গৌরবে উন্নত হবে।

১০। দুষ্টলোক এসব দেখবে আর উত্যক্ত হবে, সে ক্রোধে দাঁতে দাঁত ঘষবে আর নিঃশেষ হবে; দুষ্টদের আকাঙ্খা বিনষ্ট হবে।

## আপনার উপরে প্রসারিত ঈশ্বরের মঙ্গলময় হস্ত!

### আচার্য অ্যাঞ্জেলীন সেলভাকুমারী



GOD'S HAND IS UPON YOU FOR GOOD!

**"আমার উপরে প্রসরিত ঈশ্বরের মঙ্গলময় হস্তের কথা..." (নহিমিয় ২: ১৮) — অনারারী এডিটর-ইন-চীফ রেভাঃ অ্যাঞ্জেলীন সেলভাকুমারী।**

ঈশ্বরের হাতের ধারণাটি একটি মনোমুগ্ধকর বৈশিষ্ট্য। বাইবেলের কিং জেমস সংস্করণে, "সদাপ্রভুর হস্তের" উক্তিটি পুরাতন নিয়মে ৩৬টি ঘটনার ক্ষেত্রে এবং নতুন নিয়মে ৩টি ক্ষেত্রে ৩৯ বার ব্যবহৃত হয়েছে। এছাড়াও "ঈশ্বরের হস্তের" উক্তিটি বাইবেলে ১৬ বার দেখা যায়, পুরাতন নিয়মে ৭ বার, এবং নতুন নিয়মে ৯ বার।

ঈশ্বরের হাতের ধারণাটি কেবল পুরাতন নিয়মের ক্ষেত্রে নয় কিন্তু আজকের দিনেও মহা তাৎপর্য আছে। আমাদের জীবনে ঈশ্বরের হাতের ধারণাটি কেন এত অর্থপূর্ণ?

- প্রেরিত ৭:৫০ পদে বর্ণনা করা হয়েছে যে তিনি সমস্ত কিছু তাঁর হাতে নির্মাণ করেছিলেন।
- যাবেষ এই তাৎপর্যের বিষয় সচেতন ছিলেন, যার জন্য তিনি বলেছিলেন, "তোমার হাত আমার সঙ্গে থাকুক" (১ বংশা ৪:১০)। আমাদের প্রত্যেকটি কাজে এবং আমাদের জীবনের

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## from your dearly beloved brother...

50 ECHO OF HIS CALL REACHING NATIONS



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers



10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**“ সেখানে পৌঁছে আমি নদীর দুই ধারেই অনেক গাছপালা দেখতে পেলাম।” — যিহিষ্কেল ৪৭:৭**

যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মূল্যবান নামে আপনাদের উষ্ণ শুভেচ্ছা জানাই।

আহ্বানের প্রতিধ্বনির বিভিন্ন কার্যকলাপের জন্য আপনাদের অকম্পিত প্রার্থনা এবং সাহায্যের জন্য আমরা আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই। আপনাদের আত্মোৎসর্গ অবশ্যই ঈশ্বর কর্তৃক পুরস্কৃত হবে।



*সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষিকাগণ - বড়দিনের গান*

সাম্প্রতিক উৎসব সময়ের আলোয়,-(বড়দিন, নববর্ষ এবং রবিবার বিদ্যালয়ের বাৎসরিক দিবস অনুষ্ঠানগুলি) আমরা সন্তোষপুরম, বালাজী নগর, ভেলাচেরী এবং অন্যান্য জায়গার মধ্যে এবং বাইরে সুসমাচার বর্হিপ্রচার সভাগুলি সংগঠিত করেছিলাম। আমরা প্রেরণাপূর্ণ সাড়া লাভ করেছিলাম, যেহেতু ঈশ্বরের উপস্থিতি লোকদের হৃদয়কে স্পর্শ করেছিল। নতুন বছরে আমাদের আসন্ন কর্মসূচীগুলোর জন্য আমরা আপনাদের প্রার্থনার বিষয় আন্তরিকভাবে কামনা করি।



*বড়দিনের সময় আমাদের বরিষ্ঠ পালকের ফিল্ড মিনিস্ট্রি*


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ YouTube Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development



**আনুষ্ঠানিক স্বীকৃতি লাভের জন্য কর্মরত দলের সঙ্গে আমাদের পাস্টর**

আপনাদের অবগত করে আমরা আনন্দিত যে এশিয়া থিওলজিকাল অ্যাসোসিয়েশনের কাছ থেকে আমাদের নহিমিয় বাইবেল কলেজের অনুমোদন লাভ করার প্রক্রিয়াটি অনেক দূর এগিয়ে গেছে। এই প্রক্রিয়ার সফল সম্পূর্ণতার জন্য আপনাদের প্রার্থনার জন্য আমরা মহানভাবে আপনাদের প্রশংসা করি। এছাড়াও, নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারটির জন্য আমাদের হিন্দি থিওলজিকাল বইয়ের প্রয়োজন। আপনাদের যদি এই ধরণের কোনও উৎস জানা থাকে, আমরা অনুগ্রহ করে এই বিষয়ে আপনাদের সাহায্য কামনা করছি।

বিগত বছরে আমাদের কয়েক জন সহকর্মী শারীরিক সমস্যার সম্মুখীন হয়েছিলেন। প্রার্থনার শক্তিতে, ঈশ্বর অনুগ্রহপূর্ণভাবে তাদের সুস্থ করেছিলেন, যখন আরও অন্য কয়েক জনের এখনও আপনাদের প্রার্থনার প্রয়োজন আছে।

আমরা যখন সামনে এগিয়ে যাচ্ছি,তখন আমরা আমাদের সমস্ত কাজের জন্য আপনাদের আন্তরিক অবিরত প্রার্থনা কামনা করি। আপনারা নিশ্চিত থাকতে পারেন যে আমরা আমাদের প্রার্থনায় আপনাকে সর্বদা তুলে ধরি।

কৃতজ্ঞতা এবং আশীর্বাদসহ
খ্রীষ্ট যীশুতে আপনাদের দাস,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেক্স স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

প্রত্যেকটি দিকে যদি কেবল ঈশ্বরের হাত আমাদের সঙ্গে থাকে, তাহলে এটি উল্লেখযোগ্য পার্থক্য তৈরী করে, আমাদের মধ্যে কতজন এটা বলতে পারে?

- "আমার সময় তোমারই হাতে" (গীত ৩১:১৫)
- "আমরা ঈশ্বরের হাতের কর্ম্ম" (গীত ১৩৮:৮)।
- "আমাদের নিঃশ্বাস তাঁর হস্তগত" (দানিয়েল ৫:২৩)।
- "আকাশমণ্ডল তাঁর হাতের কাজের বিষয় ঘোষণা করে" (গীত ১৯:১)
- "যখন আপনি এবং আমি আমাদের হাত একসাথে ধরবো, আমার হাত ঈশ্বরের হাতের মধ্যে রাখবো তখন এক উল্লেখযোগ্য পার্থক্য তৈরী হবে।"

ঈশ্বরের হাত করতে পারে এমন কয়েকটি বিষয় নিয়ে আমরা গভীরভাবে চিন্তা করবো।

## ১। সৃজনশীল হস্ত

ঈশ্বরের হস্ত হচ্ছে সৃজনশীল হস্ত। তিনি সেই সমস্ত জিনিসগুলো সৃষ্টি করতে পারেন যার কোনও অস্তিত্ব নেই (রোমীয় ৪:১৭)। তাঁর হস্ত নতুন বিষয়গুলি সৃষ্টি করতে পারে। তিনি সৃষ্টিকর্তা। শুধু তাই নয়, তাঁর হস্ত মৃত বিষয়গুলোকে জীবিত করতে পারে। তাঁর হাত যখন মৃত, প্রাণহীন, অথবা কোনও ভবিষ্যত নেই মনে হওয়া বিষয়গুলোকে স্পর্শ করে, তাঁর হাত তখন সেই বিষয়গুলোকে জীবনে ফিরিয়ে আনতে পারে, পুনর্জীবিত করতে পারে, এবং তাদেরকে কর্মশক্তিসম্পন্ন করতে পারে। এটাই তাঁর হাতের ক্ষমতা। তাঁর হাত যখন নায়িন নগরে বিধবার পুত্রটিকে স্পর্শ করেছিলেন, সে জীবিত হয়েছিল। তিনি কেবল তার পুত্রকে জীবনে ফিরিয়ে আনেননি, কিন্তু তিনি তাকে তার জীবনে মৃত পরিস্থিতিটিকে পুনরায় কর্মশক্তিসম্পন্নও করেছিলেন, তার আশা, আনন্দ, এবং বিশ্বাসকে পুনরায় জাগ্রত করেছিলেন।

সে যখন তার জীবনে একটি নতুন উদ্দেশ্যসহ তাঁর স্পর্শ লাভ করেছিল তখন তার অস্তিত্ব একটি নতুন অর্থ লাভ করেছিল। **"তারপর তিনি এগিয়ে গিয়ে শবাধারটি স্পর্শ করলেন। শববাহকেরা দাঁড়িয়ে পড়ল। তিনি বললেন, যুবক, আমি তোমাকে বলছি, তুমি ওঠো! মৃত মানুষটি উঠে বসে কথা বলতে লাগল। যীশু তাকে তার মায়ের কাছে ফিরিয়ে দিলেন"** (লূক ৭:১৪,১৫)।

যেহেতু আমরা বছরের একেবারে প্রথম দিকে আছি সেহেতু সামনের চ্যালেঞ্জগুলো সম্পর্কে আমাদের অনিশ্চয়তা থাকা স্বাভাবিক। আপনি বিপদের শেষ প্রান্তে পৌঁছাতে পারেন, আপনি এই পরিস্থিতি থেকে বের হয়ে আসার পথ খুঁজতে পারেন অথবা আপনি চিন্তা করতে পারেন এর পর কী করবেন। যদিও এখন মাত্র একটি মাস হচ্ছে, সাম্প্রতিক ঘটনাগুলি বছরের বাকী সময়গুলোর জন্য আপনার কাছে চিন্তার বিষয় হতে পারে। কীভাবে আমি এর মোকাবিলা করবো?

প্রিয় বন্ধু, আপনার জীবনের যে দিকগুলো মরে গেছে সেই দিকগুলোর মধ্যে ঈশ্বরের প্রাণবায়ু ঈশ্বরকে প্রবেশ করাতে দেওয়ার বিষয়টি অপরিহার্য। স্বীকার করুন সেই দিকগুলো বন্ধ্যা এবং উৎপাদনে অক্ষম, তারপর ঈশ্বরকে সেই দিকগুলোকে পুনরায় কর্মশক্তি সম্পন্ন করতে দিন। এই প্রক্রিয়াটির সঙ্গে নিজের বিষয় গভীরভাবে চিন্তা করা এবং উপলব্ধি করার বিষয়টি যুক্ত।

## ২। সন্তুষ্টকারী হাত!

**গীত ১৪৫:১৬**

**তুমি তোমার হাত উন্মুক্ত করো, আর সব জীবন্ত প্রাণীর অভিলাষ পূর্ণ করো।** (গীত ১৪৫:১৬)

ঈশ্বরের হাত হচ্ছে সন্তুষ্ট করার উৎস। তিনি তাঁর প্রজাদের ইচ্ছাগুলো পূর্ণ করে আনন্দিত হন। গীত ১৪৫:১৯ পদে বলা হয়েছে, **যারা তাঁকে সম্ভ্রম করে তিনি তাদের আকাঙ্খা পূর্ণ করেন।** এছাড়াও, গীত ৩৭:৪ পদে, **ঈশ্বর আপনার মনের অভিলাষ পূর্ণ করার প্রতিজ্ঞা করেছেন।** অনেক সময়, আমরা যখন এই পদটি পাঠ করি, আমরা আশা করি আমাদের মনে যে সমস্ত ইচ্ছা আসে সেই সমস্ত ইচ্ছা ঈশ্বর পূরণ করবেন। যাইহোক, যখন আমরা যা চাই তা পাই না তখন আমরা নিরাশ হয়ে যাই

এবং আমরা অভিযোগ করি যে ঈশ্বর তাঁর কথা রাখেননি।

প্রিয় বন্ধুগণ, আমরা যখন এই পদটি পাঠ করব, তখন একটি বিষয় আমাদের অবশ্যই বুঝতে হবে যে ঈশ্বর হচ্ছেন এমন একটি সত্তা যিনি আমাদের সন্তুষ্ট করেন, কিন্তু এটি সেই সমস্ত ব্যক্তিদের জন্য যারা তাঁকে ভয় করে। এর কারণ হচ্ছে তাদের আকাঙ্ক্ষাগুলি এবং ইচ্ছাগুলি তাঁর নিজের ইচ্ছার সঙ্গে সাযুর্যপূর্ণ হয়। ঈশ্বর যখন ইস্রায়েলীয়দের মিশর থেকে পরিচালনা করে নিয়ে আসছিলেন, তারা মাংস চেয়েছিল। আমি বিশ্বাস করি খাদ্যের পছন্দের বিষয়া তারা আমাদের মতো একই রকম ছিল। আমি আমিষ খাবার পছন্দ করি, এবং আমিষ ছাড়া খাবার আমার কাছে একটি চ্যালেঞ্জের বিষয়। ইস্রায়েলীয়দের স্বর্গীয় খাদ্যের বিষয় অসন্তুষ্টি থাকলেও, ঈশ্বর তাদের ইচ্ছা সম্পূর্ণ করেছিলেন। একই ভাবে, ঈশ্বর সমস্ত প্রকারে আমাদের সন্তুষ্ট করতে ভালোবাসেন, কিন্তু এই সন্তুষ্টি তাদের জন্য সংরক্ষিত যারা তাঁকে ভয় করে এবং তাঁর মধ্যে আনন্দিত হয়, এবং তাদের সমস্ত পথ সদাপ্রভুর কাছে উৎসর্গ করে। এর কারণ হচ্ছে তাদের চিন্তার মধ্যে ঐক্য থাকবে। যে ব্যক্তি সদাপ্রভুকে ভয় করে তারা সর্বদা ঈশ্বরের মন এবং হৃদয় বুঝতে পারে।

আপনি যদি আপনার অবস্থার সঙ্গে সন্তুষ্ট থাকেন, তাহলে আপনি আপনার জীবনে ঈশ্বরের হাতের সন্তুষ্টির শক্তির সাক্ষী হবেন।

## ৩। উপরে ধরে রাখার হাত !

### কোনও ভয় নেই

**যে ব্যক্তি সদাপ্রভুতে আমোদ করে সদাপ্রভু তার পদক্ষেপ সুদৃঢ় করেন; হোঁচট খেলেও তার পতন হবে না, কারণ সদাপ্রভু তাকে স্বহস্তে ধরে রাখেন** (গীত ৩৭:২৩-২৪)।

ঈশ্বরের হাত ধার্মিকদের ধরে রাখেন যখন তারা হোঁচট খায়।

**তাই ভয় কোরো না, কারণ আমি তোমার সঙ্গে আছি; হতাশ হোয়ো না, কারণ আমি তোমার ঈশ্বর। আমি তোমাকে শক্তি দেব ও তোমাকে সাহায্য করব; আমার ধর্মময় ডান হাত দিয়ে তোমাকে ধরে রাখব। ... কারণ আমি সদাপ্রভু, তোমাদের ঈশ্বর, যিনি ধারণ করেন তোমার ডান হাত এবং তোমাকে বলেন, ভয় কোরো না; আমি তোমাকে সাহায্য করবো** (গীত ৪১:১০,১৩)।

দক্ষিণ ভারতে আমি যখন আমার বাবার সঙ্গে নাগেরকোয়েলে পরিচর্যা অভিযানের সঙ্গী হয়েছিলাম সেই সময়ের কথা আমার মনে আছে। ঘরে ফেরার পথে, আমাদের ৬০০ কিমি যাত্রা করতে হয়েছিল এবং সমুদ্র অথবা নদীর উপর দিয়ে (আমার ঠিক মনে নেই কিসের উপর সেতুটি ছিল) একটি সেতু অতিক্রম করতে হয়েছিল। মুষলধারায় বৃষ্টি হচ্ছিল, বজ্রপাত এবং ঝড় হচ্ছিল। বাসটি যেহেতু সেতুর উপর দিয়ে যাচ্ছিল, আমি এর কম্পন অনুভব করেছিলাম এবং জলরাশি উত্তাল হয়ে উঠেছিল। আমি খুব ভয় পেয়েছিলাম। তারপর, আমি একটি উষ্ণ হাত দিয়ে আমাকে ধরার বিষয় বুঝতে পেরেছিলাম। এটি ছিল আমার বাবার হাত। এটা আমার জন্য যথেষ্ট ছিল। তিনি এমনভাবে আমার হাতটি চেপে ধরেছিলেন যে আমার মনে হচ্ছিল তিনি আমাকে বলছিলেন, "ভয় কোরো না, আমি তোমার সঙ্গে আছি। কোনও কিছু তোমাকে স্পর্শ করতে পারবে না।" আমার বাবাকে এই কথাগুলো বলতে হয়নি, কিন্তু তাঁর আমাকে ধরার বিষয়টি আমার পক্ষে নিরাপত্তার নিশ্চয়তার বিষয়টি অনুভব করার পক্ষে যথেষ্ট ছিল, এবং আমি আর ভীত হয়নি।

প্রিয় বন্ধুগণ, আমি যখন এই পদটি পাঠ করি, তখন এই "সদাপ্রভুর হাত আমাকে ধরে রাখেন," আমাকে স্মরণ করিয়ে দেন যে সদাপ্রভু যখন আপনাকে এবং আমাকে তাঁর শক্তিশালী, পরাক্রমী হাত দিয়ে ধরে থাকেন, তখন আমাদের দুশ্চিন্তা করার প্রয়োজন নেই। কে আমাদের ধরে আছেন তা অবগত হয়ে আসুন আমরা নিশ্চিন্তে বিশ্রাম গ্রহণ করি। শান্তি হবে যা সমস্ত উপলব্ধিতে ছাপিয়ে যাবে। এটাই হচ্ছে সেই শান্তি যা পৌল এবং সীল উপলব্ধি করেছিলেন, যা হাত এবং পায়ের শৃঙ্খলিত অবস্থায়, প্রহারিত এবং ক্ষতবিক্ষত অবস্থায় তাদের গান গাইতে সক্ষম করেছিল, তারা অনিবার্য ঘটনা ঘটার জন্য অপেক্ষা করেছিলেন। এই একই শান্তি সেই ইব্রীয় ভ্রাতৃগণ অনুভব করেছিলেন যখন তারা আগুনের মধ্যে দিয়ে হেঁটেছিলেন। যতক্ষণ আমাদের হাত পরাক্রমী ঈশ্বরের হাত ধরে থাকবে, আমরা যে কোনও জায়গায় চলতে পারবো। গীত রচয়িতা

*(ক্রমশঃ, ৬ পাতায়)*


नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

ECHO OF HIS CALL 1969-2019
REACHING NATIONS

माध्यम: हिन्दी

ATA
Regd. Candidate for Membership
NEHEMIAH BIBLE COLLEGE
CHENNAI
ECHO OF HIS CALL ★ Estd. 1969

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 54 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

Certificate in Ministry
Diploma in Theology

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে ফেব্রুয়ারী থেকে ১৮ই মার্চ, ২০২৪)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**



## প্রশংসার বিষয়সমূহ

ফেব্রুয়ারী **১৯** : আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২০:** সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে পৌঁছানোর জন্য ৫ মিনিট বাণী প্রচারসহ আমাদের **ইউ টিউব চ্যানেল পরিষেবাকে** আশীর্বাদ করছেন।

**দিন ২১:** আমাদের সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২:** আমাদের কর্মীদের উপর প্রচুর আশীর্ব্বাদ বর্ষণ করার জন্য।

**দিন ২৩:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতে পাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২৪:** আমাদের বাইবেল করেসপণ্ডেস কোর্স এবং থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের বৃদ্ধির জন্য।

**দিন ২৫:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলিতে রবিবারের উপাসনা সভাগুলিতে ঈশ্বরের বাক্যের শক্তির জন্য।

**দিন ২৬:** আমাদের অংশীদারদের নৈতিক এবং আর্থিক সাহায্য দ্বারা আমাদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জ

**দিন ২৮:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৯:** গত মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**মার্চ ০১:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির সমস্ত কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের রক্ষা করার জন্য।

**মার্চ ০২:** আমাদের মণ্ডলীর কার্যকলাপগুলিতে অংশগ্রহণ করতে উদ্দিপনাসহ যুবকদের এগিয়ে আসতে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ০৩:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, শিক্ষক শিক্ষিকা এবং অন্যান্য কর্মী সদস্যদের আশীর্ব্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** সমস্ত জাতির মধ্যে ঐক্যের জন্য।

**দিন ৫:** আমাদের অংশীদারগণ এবং রাজ্য কোঅর্ডিনেটরদের জন্য।

**দিন ৬:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার সম্প্রচারিত করতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ৭:** আমাদের পরিচর্যার সমস্ত কার্যকলাপগুলির জন্য।

**দিন ৮:** আমাদের প্রভু কর্তৃক এমাসে আমাদের প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**দিন ৯:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদিকা, সিস্টার সজিনী চেরিয়ানের সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ১০:** নতুন কোভিড ভাইরাসের সংক্রমন থকে সমগ্র দেশকে স্বর্গীয় সুরক্ষা দানের জন্য।

**দিন ১১:** দেশের সমস্ত শিশু এবং যুবদের জন্য প্রার্থনা করুন, তারা যেন যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করে।

**দিন ১২:** আমাদের বরিষ্ঠ পাস্টরকে সাফল্যের সঙ্গে তাঁর আত্মজীবনী লিখতে সাহায্য করার জন্য।

**দিন ১৩:** বৃদ্ধাশ্রমগুলির সমস্ত বৃদ্ধ এবং বৃদ্ধাদের জন্য।

**দিন ১৪:** সারা পৃথিবীর শিশুদের অনলাইন গেম থেকে সুরক্ষা করার জন্য।

**দিন ১৫:** আমাদের বরিষ্ঠ পালকের আত্মজীবনী লেখাটি যেন সফলভাবে সম্পূর্ণ হয়। সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন১৬:** সমস্ত দেশকে আশীর্ব্বাদ করার জন্য এবং তাদের আর্থিক উন্নয়নের জন্য।

**দিন ১৭:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ১৮:** সারা পৃথিবীর মিশনারীদের স্বর্গীয় সুরক্ষা দানের জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

বলেছেন, "যখন আমি মৃত্যুচ্ছায়ার উপত্যকা দিয়া গমন করিব, তখনও অমঙ্গলের ভয় করিব না" (গীত ২৩:৪)। আমি প্রার্থনা করি যে আপনি যখন বছরের বাকী দিনগুলোর মধ্যে দিয়ে যাবেন, তখন ঈশ্বর যে আপনার হাত ধরে আছেন এটা জানায় ঈশ্বর আপনাকে যে কোনও পরিস্থিতির সম্মুখীন হওয়ার শক্তি দেবেন।

এই যাত্রায় তিনি একা নন। আপনার এমন একজন আছেন যিনি আমাদের গতকাল, আমাদের আজকের দিন, এবং আমাদের আগামীকাল সম্পর্কে জানেন। যেহেতু তিনি ইতিমধ্যেই আমাদের আগামীকালও জানেন, সুতরাং কী ঘটবে সেই বিষয়ে আমাদের দুশ্চিন্তা করতে হবে না। তিনি যদি আমাকে গ্রহণ করেন, তাহলে তিনি আমাকে বাইরে আনবেন!

## ৪। পরাক্রমী হাত

তাঁর হাত পরাক্রমী— হয় এটি আপনার পক্ষে থেকে আপনাকে জয়ী করবে অথবা এটি আপনার বিরুদ্ধে যুদ্ধ করবে।

যিশাইয় ১৯:১৬ পদে বলা হয়েছে, **"সেদিন মিশরীয়েরা স্ত্রীলোকের মতো হবে। সর্বশক্তিমান সদাপ্রভু তাদের বিরুদ্ধে যে হাত তুলবেন, তা দেখে তারা ভয়ে শিউরে উঠবে।"**

ঈশ্বরের হাতের বিরুদ্ধে কেউ দাঁড়াতে পারবে না! নিশ্চিত হন যাতে এটি আপনার বিরুদ্ধে না ওঠে! ঈশ্বরের হাত যতদিন আমাদের পক্ষে থাকবে, আমরা নিরাপদ হবো, কিন্তু এটি যদি আমাদের বিরুদ্ধে থাকে, তাহলে আমাদের কোনও অস্তিত্ব থাকবে না।

## ৫। ঈশ্বরের হাত কখন আমাদের বিরুদ্ধ হয়?

প্রেরিত ১৩:৮-১১ পদে **ইলুমা নামে একজন জাদুকরের গল্প বলা হয়েছে যে তাদের বিরোধীতা করেছিল এবং প্রদেশপালকে বিশ্বাসচ্যুত করার চেষ্টা করেছিল। পৌল বলেছিলেন, "এখন প্রভুর হস্ত তোমার বিপক্ষে রয়েছে। তুমি দৃষ্টিহীন হবে এবং কিছু সময় পর্যন্ত তুমি সূর্যের আলো দেখতে পাবে না।" সঙ্গে সঙ্গে ঘন কুয়াশা ও অন্ধকার তাকে আচ্ছন্ন করল।**

তাঁর পরাক্রমী হস্তের দ্বারা ঈশ্বর সুসমাচারের শত্রুদের বিচার করেন।

আমরা যখন সদাপ্রভুর কাজের বিরোধীতা করি, যখন আমরা প্রভুর কাজ বন্ধ করার বিষয় কথা বলি, তখন ঈশ্বরের হাত আমাদের বিরুদ্ধে কথা বলে। ঈশ্বরের লোকদের বিরুদ্ধে কথা বলবেন না। গুজব বন্ধ করুন! ঈশ্বরের কাজের বিরুদ্ধে অথবা ঈশ্বরের লোকদের বিরুদ্ধে কথা বলবেন না। ঈশ্বরকে এই বিষয়টি নিয়ে কাজ করতে দিন।

আমাদের মধ্যে কয়েক জন অন্ধকারে বাস করছেন কারণ ঈশ্বর আমাদের চোখ অন্ধ করে দিয়েছেন, কারণ আমরা ঈশ্বরের কাজের বিঘ্নজনক পাথর হয়েছি। আজ বিষয়টি গভীরভাবে চিন্তা করবো, কোনও ভাবে আপনি কি বিঘ্নস্বরূপ হয়েছে, বাধা দিয়েছেন—হতে পারে আপনার কাজের মাধ্যমে, কথার মাধ্যমে, কিছু একটা যা আমরা করি অথবা আমরা করি না — তা কি ঈশ্বরের কাজে বিঘ্নতা সৃষ্টি করেছে? তাহলে আমাদের সতর্ক হতে হবে কারণ তাহলে ঈশ্বরের হাত আমাদের বিরোধীতা করবে।

ঈশ্বরের হাত যদি আমাদের পক্ষে থাকে, তাহলে এটি আমাদের বিজয় দান করে। **সদাপ্রভুর উদ্দেশে নতুন গান গাও, কারণ তিনি অবিশ্বাস্য কাজ করেছেন; তাঁর ডান হাত ও তাঁর পবিত্র বাহু তাঁর পক্ষে পরিত্রাণ সাধন করেছেন।** গীত ৯৮:১

প্রিয় ঈশ্বরের দাসগণ, কয়েক সময়, পথটি নিঃসঙ্গ, দীর্ঘ এবং দুঃসাধ্য হতে পারে। আপনি কি অনুভব করেন যে আপনি যে কঠোর পরিশ্রম করেন তা প্রশংসিত হয় না? লোকেরা আপনার পিঠের ক্ষতের দাগ না দেখতে পারে, কিন্তু যীশু একই পথ দিয়ে গিয়েছিলেন। তিনি প্রত্যাখ্যাত হয়েছিলেন, সমালোচিত হয়েছিলেন, উপহাসিত হয়েছিলেন, নিরুৎসাহিত হয়েছিলেন, এবং একাকী পরিত্যক্ত হয়েছিলেন। মনে রাখবেন যে যিনি আপনাকে আহ্বান করেছিলেন তিনি বিশ্বস্ত! তিনি আপনাকে জানেন, এবং তিনি আপনার জন্য যুদ্ধ করবেন। স্থির হন! আমাদের একজন ঈশ্বর আছেন যিনি আমাদের সমস্ত যুদ্ধগুলিতে লড়াই করেন। তিনি পরাজয় সম্পর্কে কিছুই জানেন না! সেই কারণে, আমরা বিজয় দেখবো কারণ আমাদের ঈশ্বর পরাক্রমী যোদ্ধা যিনি শক্তিশালী হাতের দ্বারা লড়াই করেন।

## ৫। গঠনকারী হাত

অবশেষে, ঈশ্বরের হাত হচ্ছে গঠনকারী হাত। তিনি হচ্ছেন কুমোর, এবং আমরা মাটি। তিনি হচ্ছেন এমন একজন ব্যক্তি যিনি আমাদের গড়ে তোলেন,

(ক্রমশঃ, ৯ পাতায়)


# নহিমিয় বাইবেল কলেজ
## সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

ECHO OF HIS CALL 1969-2019 REACHING NATIONS

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Certificate in Ministry
Diploma in Theology

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

## PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 10.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Service : 8.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Third Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
**আহ্বানের প্রতিধ্বনি**
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## আপনি শতগুণ লাভ করবেন এবং চিরস্থায়ী জীবনের অধিকারী হবেন!

**তোমার হাতে যে কোনো কাজ আসুক না কেন তা তোমার শক্তি দিয়েই কোরো; যে বাতাসের দিকে তাকায় তার বীজ বোনা হয় না; যে মেঘ দেখে তার শস্য কাটা হয় না। উপদেশক ৯:১০, ১১:৪**

ডাক মারফৎ পাঠক্রমের মাধ্যমে এবং বাইবেল কলেজের মাধ্যমে জীবনের বিভিন্ন পেশার লোকদের কাছে বাইবেলের স্পষ্ট সত্যগুলি শিক্ষা দানের জন্য আমার অনেক দিনের ইচ্ছা ছিল। এই ইচ্ছার মূল আমার অন্তরের গভীরে রোপিত ছিল এবং বহু বছর ধরে এটি বৃদ্ধি পেয়েছিল এবং উজ্জ্বল হয়েছিল। যাইহোক, আমি অসহায় বোধ করছিলাম যেহেতু আমি কোনও আয়ের উৎস দেখতে পাচ্ছিলাম না অথবা আমার সঙ্গে যুক্ত হওয়ার জন্য এবং আমাকে পরিচালিত করার জন্য কাউকে দেখতে পাচ্ছিলাম না। সেই সময়, আমি এবং আমার পরিবার কোনও সুযোগ সুবিধা ছাড়া খুব ছোট একটি ঘরে অত্যন্ত দারিদ্র এবং অভাবের মধ্যে জীবন যাপন করছিলাম।

১৯৮০ সালে আমি ইণ্ডিয়া বাইবেল লিটারেচার নামক একটি সংস্থা থেকে সুসমাচারের একটি প্যাকেট পেয়েছিলাম। প্যাকেটটা খুলে আমি সুসমাচার পুস্তিকা এবং ডাকমারফৎ পাঠক্রমের বই আবিষ্কার করেছিলাম। আমি যখন সেই পুস্তিকাগুলো এবং ডাকমারফৎ বাইবেল পাঠক্রমটি হাতে পেয়েছিলাম, তখন আমি ভারতের বিভিন্ন ভাষায় কথা বলা লোকদের কাছে পৌঁছানোর জন্য এই পাঠক্রমটি ব্যবহার করার বিষয়ে আগ্রহী হয়েছিলাম। আমি সঙ্গে সঙ্গে ইণ্ডিয়া বাইবেল লিটারেচার সংস্থার কার্যালয়ে আমার পুরাতন সাইকেলে করে গিয়েছিলাম, যে সংস্থাটি থাউসেণ্ড লাইটস, চেন্নাই-৬ ঠিকানায় অবস্থিত ছিল।

সেখানে আমি মিস্টার বেলু নামে একজন যুবকের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম, যিনি বেলাইউথাম নামেও পরিচিত ছিলেন, যিনি এখন একজিকিউটিভ ডাইরেকটর। তাঁকে ডাকমারফৎ বাইবেল পাঠক্রমের বইগুলো অত্যন্ত সতর্কভাবে প্যাক করতে এবং বিভিন্ন জায়গায় পাঠাতে দেখে, আমিও তাঁর সঙ্গে একই প্রকার কিছু করার বিষয় অনুপ্রাণিত হয়েছিলাম।

তাঁকে তারিফ করে, আমি ধীরে ধীরে তার কাছে গিয়েছিলাম এবং বিনয়ের সঙ্গে তাঁকে জিজ্ঞাসা করেছিলাম তিনি আমাকে কিছু পাঠক্রমের বই দিতে পারবেন কিনা। তিনি আমাকে বলেছিলেন যে বইটির দাম ৫০ পয়সা (অর্দ্ধেক টাকা)। আমি তাঁকে বলেছিলাম যে আমি আর্থিকভাবে অভাবগ্রস্ত পরিবারের লোক, সরকারী বিভাগে পরিমিত মাসিক বেতনে চাকরী করি। এই কথা শুনে, তিনি উদারতার সঙ্গে আমাকে বিনামূল্যে দশটি বই দিয়েছিলেন। যাইহোক, অসন্তুষ্ট হয়ে, আমি জানালার ভেতর দিয়ে বই বণ্টনের হলের দিকে উঁকি মেরে দেখেছিলাম। আমি অনুভব করেছিলাম যে কয়েকটি বই আমাকে ডাকছিল, আমার মনে হচ্ছিল তারা ব্যক্তিগতভাবে আমাকে মিনতি করছিল যে আমি যেন তাদেরকে নিই এবং আমার জানা কয়েক জনের কাছে তাদের জ্ঞান বিতরণ করি, মনে হচ্ছিল তাদের মধ্যে মহান সম্ভাবনা আছে। সেই জায়গা ছেড়ে আমি কিছুতেই চলে আসতে পারছিলাম না। হঠাৎ, আরেক জন লোক এসেছিলেন এবং আমাকে জিজ্ঞাসা করেছিলেন, "আপনি কে? আপনি কেন চারিদিকে ঘুরছেন এবং এত সময় ধরে আমাদের অফিসের দিকে উঁকিঝুঁকি মারছেন?" আমি ব্যাখ্যা করেছিলাম যে আমার কাছে খুব কম টাকা আছে কিন্তু আমার মধ্যে জীবন্ত ঈশ্বর, যীশু খ্রীষ্টের সেবা করার দৃঢ় সঙ্কল্প আছে, এবং আমি কিছু করেসপণ্ডেস বই কিনতে চাই। তিনি বলেছিলেন যে বই কেনার জন্য টাকা নিয়ে আসুন। এই কথা মনে রেখে, আমি সিদ্ধান্ত নিয়েছিলাম আমার পুরাতন বাইসাইকেলটা বিক্রি করে দেব, যেটা একান্ত আমার নিজের সম্পত্তি ছিল।

সঙ্গে সঙ্গে আমি নিকটবর্তী একটি সাইকেল সারাইয়ের দোকানে গিয়েছিলাম, যেখানে আমি ১০০ টাকায় আমার সাইকেলটা বিক্রি করেছিলাম এবং ২০০টি করেসপণ্ডেস বই কিনেছিলাম। আমার যাতায়াতের একমাত্র উপায়টি বিক্রি করার ফলে, আমাকে সেই থাউসেণ্ড লাইটে অবস্থিত অফিস থেকে কাঁধে এবং মাথায় বইগুলো বহন করে ৫ কিমি হেঁটে ঘরে আসতে হয়েছিল। এতো ভারী বহন করার অভিজ্ঞতার অভাব থাকায়, আমি শীঘ্রই ক্লান্ত এবং চিন্তাগ্রস্ত হয়েছিলাম। দুবার আমার কাঁধ এবং মাথা থেকে বইগুলো রাস্তায় পড়ে গিয়েছিল, আমি অসহায় বোধ করেছিলাম। আমি যখন সংগ্রাম করছিলাম, আমি শুনতে পাচ্ছিলাম লোকেরা আমাকে নিয়ে ঠাট্টা করছে। যাইহোক আমি ঘরে ফিরে এসেছিলাম এবং আমার সমস্ত শক্তি দিয়ে বইগুলো বণ্টন করেছিলাম।

ব্রাদার এম. পলরাজের সহযোগীতায়, ঈশ্বর আমাকে "আপনার জন্য — নবজীবন" নামক পাঠক্রমটি শুরু করতে সক্ষম করেছিলেন, এবং সেই সঙ্গে আমরা আহ্বানের প্রতিধ্বনি সান্ধ্য বাইবেল কলেজ শুরু করেছিলাম।

হ্যাঁ, আমার প্রিয় বন্ধুরা, একটা সময় ছিল যখন আমাকে ঈশ্বরের রাজ্যের জন্য আমার পুরাতন বাইসাইকেলটা বিক্রি করতে হয়েছিল। আমার পরিবার এবং বন্ধুদের কাছে এটি ছিল একটি লজ্জা এবং মুর্খতার কাজ। যাইহোক, আজ, ঈশ্বর আমাদের কতগুলো গাড়ী এবং সহোযোগী দিয়ে আশীর্বাদ করেছেন।

এক সময় আমাকে ব্যক্তিগতভাবে কাঁধে এবং মাথায় করে সুসমাচার বহন করতে হয়েছিল। এটি যৌবনে আমার কাছে প্রকৃতই বেদনাদায়ক এবং অপমানজনক অভিজ্ঞতা ছিল। কিন্তু এখন, ঈশ্বর আমাকে সুসমাচার সাহিত্যগুলোকে বিভিন্ন জায়গায় নিয়ে যাওয়ার জন্য অনেক ভ্যান,মিনিবাস এবং কর্মীদের দিয়েছেন।

প্রিয় বন্ধুগণ, আপনার জন্য এবং আপনার ভবিষ্যতের জন্য ঈশ্বরের দারুণ পরিকল্পনা আছে। এখনও আপনার সময় আছে। আপনি যদি প্রভুর কাছে কোনও কিছু সমর্পণ করেন, তাহলে আপনি প্রচুর ভাবে পুরস্কৃত হবেন। আপনি যীশু খ্রীষ্টকে আপনার অনুকরণযোগ্য মডেল হিসাবে গ্রহণ করতে পারেন এবং ঈশ্বরের রাজ্যের মানসিকিতাসহ পরিচর্যা কাজে যোগদান করার জন্য গুরুত্বপূর্ণ কিছু বিনিয়োগ করতে পারেন, তাহলে আপনার জীবনে ঈশ্বরের আশীর্বাদের কোনও শেষ থাকবে না।

**কেবল একটিই জীবন; যা শীঘ্রই শেষ হয়ে যাবে;**
**খ্রীষ্টের জন্য যা কিছু করা হবে, তা থেকে যাবে!**

## Kind Attention: Echo of His Call Readers

Our 5 minute **Echo of His Call** YouTube messages are being broadcasted from 2.00 A.M. in Tamil, Telugu, English and Hindi (everyday). You can receive the Grace of God by watching the messages.

Moreover, save my mobile numbers (+91) 98410 71858, (+91) 98412 71858 (personal) in your mobile phones.

- Pr. S. Sam Selva Raj

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

কখনও তিনি আমাদের ছেঁটে দেন, কখনও কখনও তিনি প্রান্তগুলো পরিশুদ্ধ করেন, এবং কয়েক সময় তাঁকে এমন কিছু করতে হয় যা আমাদের পক্ষে প্রীতিকর নয় যাতে আমরা আমাদের প্রভুর কাছে ব্যবহারের যোগ্য হতে পারি।

ঈশ্বর যখন আমাদের গড়ে তোলেন,তখন সেটা আমাদের কাছে সুখকর অভিজ্ঞতা হয় না। এটি আমাদের আঘাত করে এবং আমাদের মনে হয় আমরা সহজেই আক্রান্ত হবো। কিন্তু এটা হচ্ছে সেই সময় যখন আমাদের ঈশ্বরের প্রাচুর্যপূর্ণ জ্ঞানের কাছে আমাদের সমর্পিত হওয়া প্রয়োজন এবং তাঁর উপর আমাদের আস্থা রাখা প্রয়োজন। একটি বিষয় আমাদের স্মরণে রাখা প্রয়োজন যে ঈশ্বর সব থেকে উত্তম বিষয়টি জানেন।

ঈশ্বর আমাদের আকার দান করার জন্য আমাদের জীবনে বিভিন্ন পরিস্থিতিগুলো এবং অবস্থাগুলো আসতে দেন। তিনি আমাদের আকার দান করার জন্য বা গড়ে তোলার জন্য বিভিন্ন লোকদেরও ব্যবহার করেন। কয়েক জন লোক আমাদের কাছে হীন, ভীতিপ্রদ, এবং আঘাতকারী কথাবার্তা বলার দ্বারা ধৈর্য্যের বিষয়ে আমাদের শিক্ষা দানের জন্য আমাদের জীবনে চলাফেরা করে। আমাদের চরিত্র গড়ে তোলার জন্য ঈশ্বর কিছু লোককে আমাদের জীবনে আসতে দেন। লোকেরা নির্দিষ্ট সময় আমাদের ছাঁটাই করতে আসে, এবং যে মুহূর্তে ঈশ্বর কর্তৃক স্থিরীকৃত লক্ষ্য অর্জিত হয়ে যায়, তারা আমাদের ছেড়ে চলে যায়,তারা আমাদের জীবনে এক চিরস্থায়ী ক্ষত রেখে যায়। আমি অনেক কষ্টের মধ্যে দিয়ে এটা শিখেছি। লোকেরা আমাদের জীবনে কিছু সময়ের জন্য আসে। কয়েক জন কেবল প্রথম পৃষ্ঠার জন্য আসে, কয়েক জন কেবল প্রথম অধ্যায়ের জন্য আসে, কিন্তু খুব কম জনই আছে যারা আমাদের জীবনের সমস্ত কাহিনীর মধ্যে থাকার জন্য আসে। সুতরাং ঈশ্বর যখন কোনও একজন ব্যক্তিকে আপনার জীবনে আসতে দেন, তখন বলবান থাকুন! ঈশ্বর জানেন, এবং এর একটা কারণ আছে!

একটা সময় আমরা অনুভব করতে পারি যে ঈশ্বরের পরাক্রমী হস্ত আমাকে চূর্ণবিচূর্ণ করছে। এটি আপনাকে বিনাশ করার জন্য নয় কিন্তু আপনাকে গঠন করার জন্য।

১ পিতর ৫:৬ পদে বলা হয়েছে, **ঈশ্বরের পরাক্রমী হাতের নিচে, নিজেদের নতনম্র করো, যেন তিনি উপযুক্ত সময়ে তোমাদের উন্নত করেন।** এখন দেখা যাক আমাদের জীবনে প্রভুর হাত কত পরাক্রমী হতে পারে।

আমরা যদি আমাদের জীবন, ইচ্ছাগুলো, স্বপ্নগুলো, সমর্পণ করি এবং ঈশ্বরের পরাক্রমী হাতের অধীনে থাকি, তাহলে আমাদের জীবনে উপরোক্ত সমস্ত আশীর্বাদগুলো আমরা দেখতে পাবো।

*******


# URGENT

We require approximately 1000 Hindi Christian books for **our Nehemiah Bible Colleges**. Kindly inform us about the possibility of obtaining theological Hindi books.

**Please stop sending books in English and Tamil languages.** Thank you.

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

# URGENT NEED

**PRINCIPAL & TEACHERS**
**for**
**ST. PAUL'S MATRICULATION SCHOOL,**
**An *Echo of His Call* Institution**
**Vijayanagaram, Medavakkam, Chennai - 100.**

We need well qualified, experienced, dedicated, hard working and mission oriented Christians.

Apply with Bio-data to
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

# WANTED for

**NEHEMIAH BIBLE COLLEGE of ECHO OF HIS CALL, Chennai**
(ATA - Registered Candidate for Membership)

**DEAN (Residential):**
Hindi Theologian with M.Div. / M.Th. Degree & experience. Boarding, Lodging and Salary will be paid.
Eligible candidates may send bio--data to:
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা** **আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা**

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** FEBRUAR 2024
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**